

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd


নং-৩৬.১০.০০০০.০১৬.২৩.০১৩.১৭/২৮৩

তারিখঃ ০৩/০৪/২০১৮

বিষয়ঃ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬” এর সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠানের পূর্ব প্রস্তুতিমূলক সভা আহ্বান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬” এর জন্য মনোনীত প্রতিষ্ঠানসমূহের মধ্যে আগামী ১৮ এপ্রিল, ২০১৮ বুধবার সকাল ১০.০০ টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকায় সনদ ও ট্রফি বিতরণ করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এওয়ার্ড প্রদানের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এনপিও কর্তৃক আয়োজিত সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠানের পূর্ব প্রস্তুতিমূলক সভা আগামী ০৮ এপ্রিল, ২০১৮ রবিবার সকাল ১১.০০ টায় এনপিও’র সম্মেলন কক্ষে (শিল্প মন্ত্রণালয় এনেক্স বিল্ডিং, ৩য় তলা, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা) অনুষ্ঠিত হবে।

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬ এর সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠানের পূর্ব প্রস্তুতিমূলক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাচ্ছি। একই সঙ্গে তাঁর প্রতিষ্ঠানের উৎপাদন/সেবা প্রক্রিয়ার প্ল্যাকার্ড ও ফেব্রুইন তৈরির উপযোগী ০৫টি ছবির (4R সাইজ) হার্ডকপি ও সফটকপি সঙ্গে নিয়ে আসার জন্য অনুরোধ জানানো হল।


(এস.এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ৯৫৬২৮৮৩

ব্যবস্থাপনা পরিচালক
গাজী ওয়্যারস লিমিটেড
২৮-এফ আই.ডি.সি রোড
কালুরঘাট, চট্টগ্রাম।

অনুলিপি :

চেয়ারম্যান
বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন
বিএসইসি ভবন
১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা-১২১৫।